



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০৩ জুন ২০১৮খ্রি.

## মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ও সাবেক ছাত্রলীগ নেতা মোহাম্মদ আশরাফ খান এর মৃত্যুতে মেয়রের শোক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ও সাবেক ছাত্রলীগ নেতা মোহাম্মদ আশরাফ খান এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। তিনি ০৩ জুন ২০১৮ খ্রি. রবিবার, এক শোক বার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

চট্টগ্রাম- ০৩ জুন ২০১৮খ্রি.

## উদ্যোগ ও ইচ্ছা থাকলে অসাধ্য বলতে কোন কিছু নেই প্রশিক্ষণপ্রাপ্ত ৪০ নারীর হাতে সনদ প্রদান অনুষ্ঠানে মেয়র আ জ ম নাছির উদ্দীন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক্সেস টু ইনফরমেশন এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের যৌথ আয়োজনে কর্ম সংস্থানের লক্ষ্যে নারী আইসিটি ফ্রি ল্যান্সার এবং উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচির আওতায় মাঠ পর্যায়ের প্রশিক্ষণ কর্মশালায় চট্টগ্রাম নগরীর ৪১ টি ওয়ার্ড থেকে ২ ব্যাচে ২০ জন করে ৪০ জন নারী গ্রাফিক্স ডিজাইন এর উপর প্রথম ব্যাচে ১৭ জানুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারি এবং দ্বিতীয় ব্যাচে ৪ মার্চ থেকে ৪ এপ্রিল পর্যন্ত এক মাসের প্রশিক্ষণ গ্রহণ করে। প্রশিক্ষিত নারীদের ৩ জুন ২০১৮খ্রি. দুপুরে, নগরভবনে কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে সনদ বিতরণ করা হয়। এ উপলক্ষে অনুষ্ঠিত অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি ছিলেন। তিনি নারী উদ্যোক্তাদের হাতে প্রশিক্ষণ সনদ তুলে দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চসিক সচিব মোহাম্মদ আবুল হোসেন। অন্যদের মধ্যে প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, প্রকৌশলী দেলোয়ার হোসেন মজুমদার, আইটি অফিসার ইকবাল হাসান, প্রশিক্ষক কামরুল ইসলাম, সমন্বয়ক মো. ইব্রাহিম খলিল, কাউন্সার আকতার তানিম, গিয়াস উদ্দিন ও নিজামুল করিম সহ অন্যান্য উপস্থিত ছিলেন। সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, দক্ষ মানব সম্পদ ছাড়া দেশের উন্নয়ন সম্ভব নয়। জননেত্রী শেখ হাসিনার ভিশন ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে দক্ষ জনশক্তি গড়ার লক্ষ্যে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। তিনি বলেন, উদ্যোগ ও ইচ্ছা থাকলে অসাধ্য বলতে কোন কিছু নেই। উজ্জল ভবিষ্যৎ বিনির্মাণে প্রশিক্ষণ কাজে আসবে। তিনি

প্রশিক্ষণলব্ধ জ্ঞাণকে বাস্তব জীবনে প্রতিফলন ঘটিয়ে স্বাবলম্বি হওয়ার প্রত্যয় নিয়ে কাজ করার আহবান জানান।

চট্টগ্রাম- ০৩ জুন ২০১৮খ্রি.

## **চট্টগ্রাম ওয়াসা রোড কাটিং বাবদ প্রায় ৩ কোটি টাকার চেক দিলেন সিটি মেয়রের হাতে**

চট্টগ্রাম ওয়াসা পাইপ লাইন স্থাপন কর্মসূচির আওতায় নগরীর রোড কাটিং এর জন্য ক্ষতিপূরণ বাবদ ৩ জুন ২০১৮খ্রি. দুপুরে, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন দপ্তরে চট্টগ্রাম ওয়াসার এমডি প্রকৌশলী এ কে এম ফজলুল্লাহ ২ কোটি ৯৪ লক্ষ ৮০ হাজার ৯ শত ২৯ টাকা ৭১ পয়সার একটি চেক মেয়রের নিকট হস্তান্তর করেন। এসময় চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদোহা সহ চসিক ও চট্টগ্রাম ওয়াসার কর্তৃপক্ষের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ০৩ জুন ২০১৮খ্রি.

## **সিটি মেয়রের মাধ্যমে চর চাক্তাই সমাজ কল্যাণ কমিটির সাবেক দপ্তর সম্পাদক আবদুল মালেকের চিকিৎসার জন্য ২ লক্ষ টাকার চেক হস্তান্তর**

চট্টগ্রাম নগরীর সাবেক চর চাক্তাই সমাজ কল্যাণ কমিটি মানবিক বিবেচনায় তাদের সাবেক দপ্তর সম্পাদক ও নৈশ প্রহরীর সহকারী কমান্ডার অসুস্থ আবদুল মালেককে চিকিৎসার জন্য ২ লক্ষ টাকার চেক প্রদান করেছে। ৩ জুন ২০১৮খ্রি. দুপুরে, নগরভবনে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর মাধ্যমে অসুস্থ আবদুল মালেককে চিকিৎসার জন্য উল্লেখিত চেকটি হস্তান্তর করা হয়। মেয়র চেক হস্তান্তর করে বলেন, চর চাক্তাই সমাজ কল্যাণ কমিটি মানবিক দৃষ্টিকোণ থেকে সাহায্যের হাত বাড়িয়ে দিয়ে সমাজে একটি উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করল। এ ধরনের মানব কল্যাণে সকলে অবদান রাখলে আর্তপীড়িত মানুষ উপকৃত হবে। মেয়র চর চাক্তাই সমাজ কল্যাণ কমিটির কল্যাণধর্মী কাজের ভূয়ষী প্রশংসা করেন। এসময় ১৯ নং ওয়ার্ড কাউন্সিলর এয়াছিন চৌধুরী আশু, চর চাক্তাই সমাজ কল্যাণ কমিটির সভাপতি মোস্তাফিজুর রহমান, সাধারণ সম্পাদক এস এম সেলিম, অর্থ সম্পাদক আবদুর রহমান সহ কমিটির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

**সংবাদদাতা**

**মো. আবদুর রহিম**

**জনসংযোগ কর্মকর্তা**

**চট্টগ্রাম সিটি কর্পোরেশন**